

কৃষি বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির জুলাই/২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ জিয়াউল হক জিয়া
 ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আক্কেলপুর, জয়পুরহাট
 সভার তারিখ : ২৮/০৭/২০২২খ্রি.
 সময় : বেলা ১০.০০ ঘটিকা
 উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত কৃষি বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।
 অতঃপর উপজেলা কৃষি ও সেচ বিভাগের নিম্নবর্ণিত কার্যক্রম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	কৃষি বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ	উপজেলা কৃষি অফিসার জানান যে, আগামী ২০২২-২০২৩ মৌসুমে এ উপজেলায় রোপা আমন আবাদের লক্ষ্যমাত্র ১০৫৬৫ হেক্টর। এ পর্যন্ত ২১০ হেক্টর জমিতে রোপা আমন ধান রোপণ করা হয়েছে। সময়মত বৃষ্টি না হওয়ার কারণে আমন ধানের চারা রোপন বিলম্বিত হচ্ছে। খরিপ-২/২০২১-২০২২ মৌসুমে উফশী রোপা আমন ধান উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচি ১০০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে।	০১) সময়মত কৃষকগণের মাঝে প্রণোদনার বীজ ও সার সুষ্ঠুভাবে বিতরণ করতে হবে। ০২) সারের মজুদ, ক্রয়-বিক্রয় এবং মূল্য পরিস্থিতি নিয়মিত মনিটরিং করতে হবে।	উপজেলা কৃষি অফিসার আক্কেলপুর উপজেলা
০২	সারের মজুদ পরিস্থিতি সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ	সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, বর্তমানে এ উপজেলায় ইউরিয়া ২০১.৮০ মে. টন, টিএসপি ৯০.৭৫ মে. টন, ডিএপি ২৭৭.৭০ মে. টন, এমওপি ৬৯.৩০ মে. টন মজুদ রয়েছে। চাহিদা সাপেক্ষে সকল প্রকার সারের মজুদ পরিস্থিতি সন্তোষজনক।	০১) সারের মজুদ, ক্রয়-বিক্রয় এবং মূল্য পরিস্থিতি নিয়মিত মনিটরিং করতে হবে। ০২) সারের কৃত্রিম সংকট নিরসনে উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।	উপজেলা কৃষি অফিসার আক্কেলপুর উপজেলা
০৩	কৃষি সেচ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ	উপজেলা কৃষি অফিসার জানান যে, বিএমডিএ কর্তৃক স্থাপিত ৬৫টি গভীর নলকূপ এবং ব্যক্তি পর্যায়ে স্থাপিত গভীর ও নলকূপের মাধ্যমে গত বোরো মৌসুমে ১০০০০ হেক্টর জমিতে সেচ প্রদান করা হয়েছে। কৃষি সেচের ক্ষেত্রে কোথাও কোন প্রকার সমস্যার সৃষ্টি হয়নি।	সুষ্ঠুভাবে কৃষিতে সেচ কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার আক্কেলপুর উপজেলা

আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ জিয়াউল হক জিয়া)
 ভাইস-চেয়ারম্যান
 উপজেলা পরিষদ
 আক্কেলপুর, জয়পুরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
আক্কেলপুর, জয়পুরহাট

নং-০৫.৪৩.৩৮১৩.০০০.০৪.০৩২.২২

তারিখঃ ২৮/০৭/২০২২ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আক্কেলপুর, জয়পুরহাট
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৩। উপজেলা কৃষি অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৪। উপজেলা.....অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৫। চেয়ারম্যান, বুকিন্দীপুর/সোনামুখী/গোপীনাথপুর/তিলকপুর/রায়কালী ইউপি, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৬। জনাবআক্কেলপুর, জয়পুরহাট
- ০৭। অফিস কপি

(মোঃ জিয়াউল হক জিয়া)
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আক্কেলপুর, জয়পুরহাট